কালের কণ্ঠ

16 MAR 2017
৮ ৭

### ‘খাতা না দেখে ফল’ বক্তব্যের প্রতিবাদ

# আরেফিন সিদ্দিককে চ্যালেঞ্জ জাতীয় বিশ্ববিদ্যালয়ের

নিজস্ব প্রতিবেদক ▷

শিক্ষার্থীদের উত্তরপত্র না দেখেই পরীক্ষার ফল প্রকাশ করে জাতীয় বিশ্ববিদ্যালয়–ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের এই বক্তব্যের তীব্র প্রতিবাদ জানিয়েছে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। গত মঙ্গলবার সরকারি তিতুমীর কলেজের এক অনুষ্ঠানে আরেফিন সিদ্দিক এই বক্তব্য দিয়েছিলেন, যা গতকাল বুধবার বিভিন্ন দৈনিকে প্রকাশিত হয়। এ বক্তব্যকে সম্পূর্ণ অসত্য, মনগড়া, উদ্দেশ্যপ্রণোদিত ও বিদ্বেষপ্রসূত বলে উল্লেখ করে তা প্রমাণের জন্য আরেফিন সিদ্দিকের প্রতি চ্যালেঞ্জ ছুড়ে দেওয়া হয়েছে।

গতকাল জাতীয় বিশ্ববিদ্যালয়ের পাঠানো এক প্রতিবাদলিপিতে বলা হয়, “দেশের বৃহত্তম বিশ্ববিদ্যালয় জাতীয় বিশ্ববিদ্যালয় বর্তমানে প্রায় সম্পূর্ণ অনলাইনের মাধ্যমে পরিচালিত হচ্ছে এবং পরীক্ষা গ্রহণ ও ফল প্রকাশসহ এর যাবতীয় কর্মকাণ্ড অত্যন্ত স্বচ্ছতা ও জবাবদিহির সঙ্গে সম্পন্ন হচ্ছে। পরীক্ষার উত্তরপত্র মূল্যায়ন না করে ফল প্রকাশের প্রশ্নই ওঠে না। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ‘খাতা না দেখেই চূড়ান্ত ফল দেয় জাতীয় বিশ্ববিদ্যালয়’ মর্মে উল্লিখিত অনুষ্ঠানে যে মন্তব্য করেছেন, সে সম্বন্ধে তিনি কোন শিক্ষাবর্ষের, কোন পরীক্ষার, কোন বিষয়ে ফল প্রকাশ হয়েছে, এর সুনির্দিষ্ট কোনো তথ্য-প্রমাণ উপস্থাপন করেননি। অপর একটি বিশ্ববিদ্যালয়ের ব্যাপারে ঢালাওভাবে মনগড়া এরূপ বক্তব্য প্রদান একজন উপাচার্যের দায়িত্বশীল পদে আসীন ব্যক্তির পক্ষে কত দূর সমীচীন, তা কারো পক্ষে না বোঝার কথা নয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য যে একজন চরম জাতীয় বিশ্ববিদ্যালয়বিদ্বেষী, তাঁর এ বক্তব্য থেকে সেটি স্পষ্ট।”

প্রতিবাদলিপিতে আরো বলা হয়, ‘ড. আরেফিন সিদ্দিককে তাঁর বক্তব্যের সমর্থনে সুনির্দিষ্ট তথ্য-প্রমাণ উপস্থাপনের জন্য চ্যালেঞ্জ ছুড়ে দেওয়া হলো। অন্যথায় তাঁর এ ধরনের অসত্য, মনগড়া, উদ্দেশ্যপ্রণোদিত ও বিদ্বেষপূর্ণ বক্তব্যের কারণে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে বাধ্য হবে।’